

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৯, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আগস্ট ১৯৯৯/৩রা ভাদ্র ১৪০৬

এস, আর, ও নং ২৪৬-আইন/৯৯—যেহেতু সরকার ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছে।

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণা করার জন্য পরামর্শ এবং আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং জনস্বার্থী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন।

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4 (2) এর অধীন উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

(৪০৯৯)

মূল্য: টাকা ১.০০

অতএব, লেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ৯ই ভাদ্র, ১৪০৬ বাং মোতাবেক ২৪শে আগষ্ট, ১৯৯৯ ইং তারিখ হইতে কসবা ইউনিয়নসমূহ গঠনের ঘোষণা করিল :

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মোজার নাম | জে, এল, নং | ঘাথ নং |
|--------------|------------------|------------|---------------|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | কসবা | কসবা | ১৩৪ | ৪৭৯—৬০৬, ১৬৫১—১৭৯১, ১৮২৯— ১৯০৩, ২২১৩—৩৩৯৫, ৩৪২, ৩৪৩, ৩৪৮— ৩৯৩, ৪০২—৪০৬, ৬৫০—৬৭০, ১০১০, ১০২২—১০৩৩, ১১৭৫—১১৮৬, ১৩৭৫, ১৩১৮, ১৩২৩—১৩৩২, ১৭২৩ ও ১৭২৪। |
| (২) | কসবা | চরনাল | ১৩৪/৫ | ০১—৩৯০ |
| (৩) | কসবা | কালিকাপুর | ১৩৬/১ | ০১—১২৩ |
| (৪) | কসবা | তারাপুর | ১৩৪/২ | ০১—১৪৪ |
| (৫) | কসবা | কৃষ্ণপুর | ১৩৫ | ০১—৪৮৯ এবং ৫৮০ |
| (৬) | কসবা | আড়াইবাড়ী | ১৩১ | ৩৩৩—৩৫৪, ৩৮১—৪৩৬, ৪৪৪—৪৫৭, ৫৪৪—৬১২। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুল সাত্তার সিঞা
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।